দৈনিক ইত্তেফাক

তারিখ ... .. SEP. 1[illegible] 1999.
পৃষ্ঠা ৪ কলাম ৬ ...

34

# এসএসসি-র অবজেকটিভ পরীক্ষায় পুনঃনিরীক্ষণের ব্যবস্থা থাকা প্রয়োজন

গত এসএসসি পরীক্ষায় অনেক ছাত্রছাত্রীই মাত্র একটি নম্বরের জন্য কৃতকার্য হইতে পারে নাই। বিশেষ করিয়া বিজ্ঞান বিভাগের ফিজিক্স অবজেকটিভ পত্রের কারণে যাহারা এক নম্বরের জন্য অকৃতকার্য হইয়াছে, তাহাদের কাহারও প্রাপ্ত নম্বর প্রথম বিভাগের নিচে নয়। এমনকি স্টার মার্কস পাওয়া ছাত্র-ছাত্রীও আছে। লিখিত পরীক্ষায় পুনঃনিরীক্ষণের ব্যবস্থা থাকিলেও অবজেকটিভে সেই ব্যবস্থা নাই। লিখিত পরীক্ষার পরীক্ষকদের একটি মৌখিক নির্দেশ দেওয়া থাকে যে, ১ নম্বর কম পাইলে তাহা দিয়া দেওয়ার জন্য। অবজেকটিভের পরীক্ষক তো যন্ত্র। সেখানে উক্ত পত্র যাহা সেট করা থাকে, তাহার উপরই নম্বর দেওয়া হয়। এক প্রশ্নের উত্তর অনেক সময় দুইটি হয়। তাহা হইলে যে পরীক্ষার্থী সেট করা উত্তরের বাহিরে সঠিক উত্তর দিবে, তাহার কী অবস্থা হইবে? সে এক নম্বর কিভাবে পাইবে। বর্তমানে অনেক ছাত্র-ছাত্রী বোর্ড অফিসে ধরনা দিতেছে একটি নম্বরের জন্য কিন্তু অবজেকটিভ পরীক্ষায় পুনঃনিরীক্ষণের ব্যবস্থা থাকিলে এমনটি ঘটিত না বলিয়া মনে করি। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শাহাদাৎ হোসেন
যাত্রাবাড়ী, ঢাকা।